

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২১

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৪৫. (ফলমূল) অগ্রিম ক্রয়-বিক্রয় সম্পর্কে

باب فِي السَّلَفِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ كَثِيرٍ عَنْ أَبِي الْمُدِينَةَ وَهُمْ يُسْلِفُونَ الْمِنْهَالِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَهُمْ يُسْلِفُونَ فِي الثِّمَارِ فِي سَنَتَيْنِ وَثَلَاثٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَلِّفُوا فِي الثِّمَارِ فِي كَيْلٍ مَعْلُومٍ وَوَذْنٍ مَعْلُومٍ وَقَدْ كَانَ سُفْيَانُ يَذْكُرُهُ زَمَانًا إِلَى أَجَلٍ مَعْلُومٍ ثُمَّ شَكَّكَهُ عَبَّادُ بَنُ كَثِيرٍ

বাংলা

২৬২১. ইবনু 'আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় আসেন তখন মদীনাবাসী ফলে দু'-তিন বছরের মেয়াদে অগ্রিম ক্রয়-বিক্রয় করত। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "ফলের মাপ ও ওজন নির্দিষ্ট করে নিয়ে তোমরা অগ্রিম ক্রয়-বিক্রয় করতে পারো।"[1]

সুফিয়ান সময় হিসেবে নির্দিষ্ট সময়ের কথা উল্লেখ করতেন, অত:পর আব্দুল্লাহ ইবনু কাছীর একে সন্দেহপূর্ণ করেছেন।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ বুখারীর শর্তানুযায়ী সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত। তাখরীজ: বুখারী, সালাম ২২৪০, ২২৪১; মুসলিম, মাসাকাত ১৬০৪। ((আবূ দাউদ, ইজারাত ৩৪৬৩-অনুবাদক)) আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৪০৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৯২৫ ও মুসনাদুল



হুমাইদী নং ৫২০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন